

## 🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ২১

## আরবি মূল আয়াত:

## لَاُعَذَّبَنَّهُ عَذَابًا شَدِيدًا أَو لَاَاذبَحَنَّهُ أَو لَيَاتِيَنِّي بِسُلطنٍ مُّبِينٍ ﴿٢١﴾

## 🗚 অনুবাদসমূহ:

'অবশ্যই আমি তাকে কঠিন আযাব দেব অথবা তাকে যবেহ করব। অথবা সে আমার কাছে সুস্পষ্ট প্রমাণ নিয়ে আসবে'। — আল-বায়ান

আমি তাকে অবশ্য অবশ্যই শাস্তি দেব কঠিন শাস্তি কিংবা তাকে অবশ্য অবশ্যই হত্যা করব অথবা সে অবশ্য অবশ্যই আমাকে তার (অনুপস্থিতির) উপযুক্ত কারণ দর্শাবে।' — তাইসিরুল

সে উপযুক্ত কারণ দর্শাতে না পারলে আমি অবশ্যই তাকে কঠিন শাস্তি দিব অথবা যবাহ করব। — মুজিবুর রহমান

I will surely punish him with a severe punishment or slaughter him unless he brings me clear authorization." — Sahih International

- ২১. আমি অবশ্যই তাকে কঠিন শাস্তি দেব কিংবা তাকে যবেহ করব(১) অথবা সে আমার নিকট উপযুক্ত কারণ দর্শাবে।(২)
  - (১) এ আয়াত থেকে কয়েকটি গুরুত্বপূর্ণ শিক্ষা আমরা পাই, এক. শাস্তি দিতে হবে অপরাধ মোতাবেক শরীর মোতাবেক নয়। দুই. যদি কোন পালিত জন্তু গাভী, বলদ, গাধা, ঘোড়া, উট ইত্যাদি কাজে অলসতা করে তবে প্রয়োজনুমাফিক প্রহারের সম্বম শাস্তি দেয়া জায়েয়। তবে বিনা কারণে কাউকে শাস্তি দেয়া জায়েয় নেই। [কুরতুবী]
  - (২) এর দ্বারা প্রমাণিত হলো যে, অভিযুক্ত ব্যক্তিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া বিচারকের কর্তব্য। উপযুক্ত ওযর পেশ করলে তা গ্রহণ করা উচিত। [দেখুন: তাবারী: আত-তাহরীর ওয়াত তানওয়ীর]

তাফসীরে জাকারিয়া

(২১) সে উপযুক্ত কারণ না দর্শালে আমি অবশ্যই ওকে কঠিন শাস্তি দেব অথবা জবাই করব।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3180



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন